



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

Cumilla Palli Bidyut Samity-4

লাকসাম, কুমিল্লা।

web: pbs4.comilla.gov.bd.

e-mail: comillapbs4@gmail.com

নম্বর: ২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২২.৩০৬৮

তারিখ: ৭ আষাঢ়. ১৪২৯

২১ জুন ২০২২

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ বিলিং সুপারভাইজার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারী যারা সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ বিলিং সুপারভাইজার

প্রার্থীর যোগ্যতা :

- পবিসে বিলিং সহকারী (নিয়মিত) পদে নূন্যতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বিলিং কম্পিউটার, সার্ভার, তৎসম্পর্কিত অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পরদর্শী হতে হবে।
- প্রতি মিনিটে কমপক্ষে ১০(দশ) টি বাংলা এবং ৩০(ত্রিশ) টি ইংরেজী শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।
- সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী বিলিং সহকারী পদের সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ করতে হবে।

শর্তাবলী:

আবেদনকরীগণকে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সহ স্বহস্তে লিখিত আবেদনপত্র নিয়ে আগামী ১৬/০৭/২০২২ খ্রিঃ তারিখ রোজ-শনিবার সকাল ১১:০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লাতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি জেনারেল ম্যানেজার বা সহকারী জেনারেল ম্যানেজার (এডমিন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

- সাম্প্রতিক কালের তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
- বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১

অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার এর সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং প্রার্থী বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড এবং ০১(এক) বৎসরের মধ্যে লঘু দন্ডে দন্ডিত হননি; ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড, একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সহিত দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

(জ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতির জন্য যাহারা বিবেচিত হন নাই তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঝ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (কুমিল্লা জেলার লাকসাম, নাঙ্গালকোট ও মনোহরগঞ্জ উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা পবিস নির্দেশিকা/কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

(ট) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

(ঠ) অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(ড) বর্ণিত পদের বিপরীতে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।


(ঢ) তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ণ) বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তা বাতিলের জন্য আবেদন করতে পারবেন না।

(ত) নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(থ) যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।।

(দ) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



২১-৬-২০২২

মোঃ ছাদেক জামান


জেনারেল ম্যানেজার

ফোন: 01769402173

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
- ৫) ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, , কুমিল্লা পবিস-৪
- ৬) এজিএম(প্রশাসন/অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসিআইটি-১/২),, কুমিল্লা পবিস-৪।
- ৭) নোটিশ বোর্ড,, কুমিল্লা পবিস-৪।



২১-৬-২০২২

মোঃ ছাদেক জামান
জেনারেল ম্যানেজার